

বাংলাদেশ

৬৫ বছর পর বাবার স্নাতকোত্তর পরীক্ষার ফল খুঁজে পেলেন ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০৯ মে ২০২৫, ০২: ১০



অধ্যাপক নিয়াজ আহমেদ খান ছবি: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নেওয়া

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খান, যাঁর বাবা ড. শফিক আহমদ খানও ছিলেন একই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী। ১৯৬০ সালে তাঁর বাবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন বিভাগের স্নাতকোত্তরের ছাত্র ছিলেন।

স্নাতকোত্তর পরীক্ষায় অর্জন করেন প্রথম শ্রেণিতে প্রথম স্থান। দীর্ঘ ৬৫ বছর পর তাঁর বাবার স্নাতকোত্তর পরীক্ষার ফল খুঁজে পেয়েছেন তিনি।

গত বুধবার রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক আবেগময় স্ট্যাটাসে বাবার পরীক্ষার ফল খুঁজে পাওয়ার কথা জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

অধ্যাপক নিয়াজ আহমেদ তাঁর স্ট্যাটাসে লেখেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুরোনো আর্কাইভাল রেকর্ড থেকে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের সহকর্মীদের আন্তরিক সহযোগিতায় অনেক চেষ্টার পর আমার বাবার ১৯৬০ সালের বায়োকেমিস্ট্রি বিভাগে মাস্টার্স পরীক্ষার ফলাফল খুঁজে পেলাম। তিনি প্রথম শ্রেণিতে প্রথম হয়েছিলেন। ফজলুল হক মুসলিম হলে সংযুক্ত ছিলেন। সন্তান হিসেবে ভালো লাগছে, আল্লাহর প্রতি কৃতজ্ঞতা।’

জানা গেছে, ড. শফিক আহমদ খান পরবর্তী সময়ে ইউরোপের সারায়েভো বিশ্ববিদ্যালয় থেকে ডিস্টিংশনসহ ডিএসসি ডিগ্রি লাভ করেন। পরে বাংলাদেশ শিল্প ও গবেষণা পরিষদে (বিসিএসআইআর) বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে পাকিস্তানের সুপিরিয়র ফরেস্ট সার্ভিস ও বিসিএসে (বন) যোগদান করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ইনস্টিটিউট অব ফরেস্ট্রি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি।

